গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.nsda.gov.bd

বিষয়	: ইন্টার্নশিপ পলিসি প্রস্তুত সংক্রান্ত সভার কার্যবিবরনী
তারিখ ও সময়	: ০১ মে ২০২১, সকাল ১০.৩০ ঘটিকা।
সভারস্থান	: জুম
সভাপতি	: দুলাল কৃষ্ণ সাহা নির্বাহী চেয়ারম্যান (সচিব)
উপস্থিতি	: পরিশিষ্ট ক তালিকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি গত ২৯ এপ্রিল ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত সভার আলোচনা সম্পর্কে বিশদ বর্ণনা করেন। সভাপতি প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্ন্যান্স ইনোভেশন ইউনিটের তত্ত্বাবধানে Center for Research and Information (CRI) এর একটি প্লাটফরম Young Bangla এর উদ্যোগে "Vision 2021 Internship" তথা Internship Policy এর একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত এই খসড়া চূড়ান্তকরণ এবং এর বাস্তবায়নে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ দায়িত্ব প্রদান করা হয়েছে।

২। সভাপতি আরও বলেন উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষকে আগামী ২৯ মে, ২০২১ তারিখের মধ্যে Internship Policy এর চূড়ান্ত খসড়া তৈরি করতে হবে। সে লক্ষ্যে আগামী এক বা দু সপ্তাহের মধ্যে খসড়া পলিসি প্রস্তুত করে তার উপর অর্থ বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মতামত গ্রহণ করে ২৯ মে ২০২১ এর মধ্যে খসড়া চূড়ান্ত করতে হবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ন্যাশনাল সার্ভিস বিষয়ক অভিজ্ঞতা এ পলিসি গাইডলাইন এর চূড়ান্তকরণে সহায়ক হতে পারে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। দক্ষিণ আফ্রিকা, ভারত, মালয়েশিয়া ও কেনিয়াসহ বিভিন্ন দেশের উদাহরণ পর্যালোচনা করে প্রাথমিক খসড়াটি প্রনীত হয়েছে মর্মে GIU ২৯ এপ্রিল ২০২১ তারিখের সভায় অবহিত করেছে। এছাড়াও প্রয়োজনে CRI এবং Young Bangla এর সহায়তাও গ্রহণ করা যেতে পারে।

৩। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী ২৯ মে ২০২১ এর মধ্যে চূড়ান্ত খসড়া প্রণয়ন করে একটি জাতীয় কর্মশালা আয়োজন করতে হবে এবং ১৫ জুন, ২০২১ এর মধ্যে Internship Policy চূড়ান্ত করতে হবে।

সভায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ মতামত ব্যক্ত করেন। জনাব নূরুল আমিন, সদস্য (দক্ষতামান ও সনদায়ন) বলেন প্রাপ্ত খসড়া পরিমার্জন করা প্রয়োজন; যেমন সরকারী খাতের পাশাপাশি বেসরকারী খাতকেও এর আওতায় আনা প্রয়োজন বলে তিনি মত প্রদান করেন।

জনাব আব্দুর রাজ্জাক, কনসালটেন্ট বলেন অস্ট্রেলিয়ার একটি ইন্টার্নশিপ পলিসি আছে। এছাড়াও আমাদের দেশে বিমান বাংলাদেশ, ইস্টার্ন রিফাইনারী ও টিআইবিতে এ ধরনের ইন্টার্নশিপ পলিসি আছে। সুতরাং সেখান থেকে সহায়তা/অভিজ্ঞতা নেয়া যেতে পারে।

জনাব খাদিজা বেগম সদস্য (প্রশাসন ও অর্থ) বলেন ইন্টার্নশিপে বেতন সহ বা বেতন ছাড়া দু ধরনের সুবিধাই রাখা যেতে পারে। কারণ বেতন ব্যতিত ইন্টার্নশিপে কাজের শিক্ষা লাভের সুযোগ বেশি থাকতে পারে। জনাব মো: কামরুজ্জামান, পরিচালক (দক্ষতামান) বলেন, যে সব প্রতিষ্ঠান ইন্টার্নশিপের জন কর্মী/গ্রাজুয়েট গ্রহণ করবে তাদের নির্দিস্ট কোটা বা সংখ্যা নির্ধারণ করার জন্য বলতে হবে এবং ইন্টার্নশিপ শেষে সনদ প্রদানের ব্যবস্থা রাখতে হবে।

৪। অতঃপর সভাপতি প্রণীততব্য Internship Policy তে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত রাখার বিষয়ে মতামত প্রদান করেন:

- পলিসিটি Performance based হলে ভাল হয়;
- পলিসিতে Perpose+outcome অন্তর্ভুক্ত করা যেতে পারে;
- এই পলিসি সব মন্ত্রণালয়/ সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য হবে না বিধায় প্রযোজ্য মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর, উন্নয়নধর্মী সরকারি বা বেসরকারী প্রতিষ্ঠানের একটি তালিকা রাখা;
- প্রতিটি মন্ত্রণালয়/সংস্থা/সংগঠন/প্রতিষ্ঠান কতজন ইনর্টাণশীপ গ্রহণ করবে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্বাচন করবে এবং সে মাফিক বিজ্ঞাপন তারাই দেবে ও প্রার্থী চূড়ান্ত করবে;
- এই বিজ্ঞাপন/বিজ্ঞপ্তি সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা থাকবে;
- জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ প্রয়োজনীয় সমন্বয় করবে;
- যারা সদ্য স্নাতকোত্তর পাশ করেছে তারা এর আওতায় আসবে কিনা বা এর আওতায় কারা আসবে তা নির্ধারন করা;
- এটাকে Pre-employment প্রশিক্ষণ হিসেবে বিবেচনা করা যাবে কিনা সে বিষয়ে প্রয়োজনে মতামত রাখা।

৫। সিদ্ধান্ত:

ক) বর্ণিত আলোচনার প্রেক্ষিতে উক্ত কার্যক্রম যথাযথ, মানসম্মত এবং দ্রুততার সাথে সম্পন্ন করার নিমিত্ত একটি কমিটি গঠনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। সে প্রেক্ষিতে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য (দক্ষতামান ও সনদায়ন) জনাব মো: নুরুল আমিনকে আহবায়ক করে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত ৫ সদস্যকে নিয়ে কমিটি গঠন করার সিদ্ধান্ত গঠিত হয়।

১। জনাব মো: নুরুল আমিন, সদস্য (দক্ষতামান ও সনদায়ন)	-সভাপতি
২। ড. জাহাঙ্গীর হোসেন, পরিচালক (অর্থ)	-সদস্য
৩। জনাব মো: কামরুজ্জামান, পরিচালক (দক্ষতামান)	-সদস্য
৪। প্রকৌশলী মো: আব্দুর রাজ্জাক, কনসালটেন্ট-১	-সদস্য
৫। ড. শাহাদৎ হোসেন, কনসালটেন্ট-২	-সদস্য সচিব

গঠিত কমিটি আগামী ১১ মে ২০২১ এর মধ্যে Internship Policy এর উপর একটি চূড়ান্ত খসড়া দাখিল করবে।

খ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তাগণকে আগামী ০৫ মে, ২০২১ তারিখের মধ্যে খসড়া Internship Policy এর উপর কোন মতামত বা পরামর্শ থাকলে তা লিখিতভাবে কমিটির সভাপতি বা সদস্য সচিব বা নির্বাহী চেয়ারম্যান বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১/০৫/২১

(দুলাল কৃষ্ণ সাহা)
নির্বাহী চেয়ারম্যান (সচিব)

নং-০৩.১৪.২৬৯২.৮৭৬.২৫.০৬০.২১-২৭৭ তারিখ: ০১ মে ২০২১ খ্রি:

বিতরণ:

০১। সদস্য (সকল), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০২। পরিচালক (সকল), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০৩। উপপরিচালক (সকল), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০৪। নির্বাহী চেয়ারম্যান (সচিব) এর একান্ত সচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০৫। প্রকৌশলী মো: আব্দুর রাজ্জাক, কনসালটেন্ট-১, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০৬। ড. শাহাদৎ হোসেন, কনসালটেন্ট-২, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।